

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২০.২০

তারিখ: ৪ মাঘ ১৪২৭

১৮ জানুয়ারি ২০২১

বিষয়: সরকারের পক্ষে মামলা পরিচালনা প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর, সংস্থাপন শাখার স্মারক
নং-৩৭.১১.৪০৪১.২০১.১৮.০১৪.২০.২০ তারিখ-১১ জানুয়ারি ২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব কাজী আবুল কালাম আজাদ, পিতা-মো: রফিউদ্দিন, নতুন উপশহর, কোতয়ালী, যশোর গত ১০.০৩.১৯৮৫খ্রি. তারিখে এ বোর্ডে নিম্নমান সহকারী কাম টাইপিষ্ট পদে যোগদান করেন। তিনি পর্যায়ক্রমে পদোন্নত প্রাপ্ত হয়ে উচ্চমান সহকারী, সেকশন অফিসার, দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং সর্বশেষ ৩১.১০.২০১৬খ্রি. তারিখে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ৮ম গ্রেডের ২৩,০০০/-৫৫,৪৭০/- বেতনক্রমে প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে পদোন্নতি প্রাপ্ত হন। কিন্তু জনাব কাজী আবুল কালাম আজাদ বোর্ডের ১ম শ্রেণির কর্মকর্তা হিসেবে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ৫ম গ্রেড প্রাপ্তির লক্ষ্যে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, চেয়ারম্যান, এবং সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোরকে বিবাদী করে মহামান্য হাইকোর্টে রিটপিটিশন মামলা-৭৫৭১/২০২০ দায়ের করেছেন।

এমতাবস্থায়, যেহেতু রিট পিটিশন নং-৭৫৭১/২০২০ মামলাটি গুরুত্বপূর্ণ সেহেতু বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল অফিসকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে মামলা পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামোতাবেক।

১৮-১-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৯৫৪৬৬৮২

ইমেইল: jalil20012@gmail.com

বিজ্ঞ সলিসিটর, সলিসিটর উইং, হাইকোর্ট ভবন,
বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২০.২০/১(৫)


তারিখ: ৪ মাঘ ১৪২৭

১৮ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৮-১-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব